

## মুখ্তাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৫১১ [আন্তর্জাতিক নাম্বারঃ ৯৩৩]

১১. কিতাবুল জুমআ বা জুমআ পর্ব (كتاب الجمعة)

পরিচ্ছেদঃ জুমআর দিন খুতবা অবস্থায় বৃষ্টির জন্য প্রার্থনা করা

بَابِ الْإِسْتِسْقَاءِ فِي الْخُطْبَةِ يَوْمَ الْجُمُعَةِ

আরবী

..... عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ قَالَ: أَصَابَتِ النَّاسَ سَنَةً عَلَى عَهْدِ النَّبِيِّ، فَبَيْنَا النَّبِيُّ يَخْطُبُ فِي يَوْمِ جُمُعَةٍ، قَامَ أَعْرَابِيٌّ فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ، هَلَّكَ الْمَالُ وَجَاءَ الْعِيَالُ، فَادْعُ اللَّهَ لَنَا. فَرَفَعَ يَدِيهِ، وَمَا نَرَى فِي السَّمَاءِ قَزْعَةً، فَوَالَّذِي نَفْسِي بِيَدِهِ مَا وَضَعَهَا حَتَّى ثَارَ السَّحَابُ أَمْثَالَ الْجِبَالِ، ثُمَّ لَمْ يَنْزِلْ عَنْ مِنْبَرِهِ حَتَّى رَأَيْتُ الْمَطَرَ يَتَحَادِرُ عَلَى لِحِيَتِهِ، فَمُطَرِّنَا يَوْمَنَا ذَلِكَ، وَمِنَ الْغَدِ وَبَعْدَ الْغَدِ، وَالَّذِي يَلِيهِ حَتَّى الْجُمُعَةِ الْأُخْرَى، وَقَامَ ذَلِكَ الْأَعْرَابِيُّ أَوْ قَالَ غَيْرُهُ، فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ تَهَدَّمَ الْبَنَاءُ وَغَرَقَ الْمَالُ، فَادْعُ اللَّهَ لَنَا. فَرَفَعَ يَدِيهِ فَقَالَ اللَّهُمَّ حَوَّالِيْنَا وَلَا عَلَيْنَا. فَمَا يُشِيرُ بِيَدِهِ إِلَى نَاحِيَةٍ مِنَ السَّحَابِ إِلَّا انْفَرَجَتْ، وَصَارَتِ الْمَدِيْنَةُ مِثْلَ الْجَوَيْةِ، وَسَالَ الْوَادِي قَنَاؤُ شَهْرًا، وَلَمْ يَجِدْ أَحَدٌ مِنْ نَاحِيَةٍ إِلَّا حَدَّثَ بِالْجَوْدِ. (بخاري: ৫১১)

বাংলা

৫১১) আনাস বিন মালেক (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের যামানায় একবার অনাবৃষ্টি দেখা দিল। কোন জুমআর দিন তিনি খুতবা দিচ্ছিলেন। এমন সময় এক গ্রাম্য লোক দাঁড়িয়ে বললঃ হে আল্লাহর রাসূল! ধন-সম্পদ ধ্বংস হয়ে যাচ্ছে। পরিবার-পরিজন অনাহারে মরছে। আমাদের জন্য দু'আ করুন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম স্বীয় দু'হাত উঠালেন। তখন আকাশে আমরা এক খন্দ মেঘও দেখিনি। ঐ স্তুতির শপথ! যার হাতে আমার প্রাণ রয়েছে, তিনি উভয় হাত নামানোর পূর্বেই পাহাড়ের ন্যায় বড় বড় অনেকগুলা মেঘ খন্দ এসে একত্রিত হল। তিনি মিথ্বার থেকে নামার পূর্বেই আমি দেখলাম তাঁর দাঁড়ি মোবারকের উপর ফোটা ফোটা বৃষ্টি পড়ছে। ঐ দিন খুব বৃষ্টি হল, পরের দিনও বৃষ্টি হল, তার পরের দিনও। এমনকি পরের জুমআ পর্যন্ত বৃষ্টি হতেই থাকল। পরের জুমআয় সেই গ্রাম্যলোকটি অথবা অন্য একজন লোক দাঁড়িয়ে বললঃ হে আল্লাহর রাসূল! বাড়ী-ঘর ধ্বংস হয়ে যাচ্ছে, ধনসম্পদ নষ্ট হয়ে যাচ্ছে। আমাদের জন্য আল্লাহর নিকট দু'আ করুন। তিনি উভয় হাত উঠিয়ে দু'আয় বলতে লাগলেনঃ হে اللَّهُمَّ حَوَّالِيْنَا وَلَا عَلَيْنَا: হে আল্লাহ!

আমাদের পার্শ্ববর্তী এলাকায় (বৃষ্টি বর্ষণ করুন), আমাদের উপরে নয়। তিনি মেঘ খন্ডগুলোর যেদিকেই ইঙ্গিত করতেন সেদিকের মেঘ কেটে যাচ্ছিল। বৃষ্টির ফলে গোটা মদীনা একটা জলাশয়ের আকার ধারণ করল এবং 'কানাত' উপত্যকার পানি একমাস যাবৎ প্রবাহিত হতে থাকল। মদীনার সকল প্রান্ত থেকেই এমন কোন লোক আসেনি যে প্রচুর বৃষ্টিপাতের সংবাদ দেয়নি।

## English

Istisqa' in the Khutba on Friday

Narrated Anas bin Malik:

Once in the lifetime of the Prophet (ﷺ) the people were afflicted with drought (famine). While the Prophet (ﷺ) was delivering the Khutba on a Friday, a Bedouin stood up and said, "O, Allah's Messenger (ﷺ)! Our possessions are being destroyed and the children are hungry; Please invoke Allah (for rain)". So the Prophet (ﷺ) raised his hands. At that time there was not a trace of cloud in the sky. By Him in Whose Hands my soul is as soon as he lowered his hands, clouds gathered like mountains, and before he got down from the pulpit, I saw the rain falling on the beard of the Prophet. It rained that day, the next day, the third day, the fourth day till the next Friday. The same Bedouin or another man stood up and said, "O Allah's Messenger (ﷺ)! The houses have collapsed, our possessions and livestock have been drowned; Please invoke Allah (to protect us)". So the Prophet (ﷺ) raised both his hands and said, "O Allah! Round about us and not on us". So, in whatever direction he pointed with his hands, the clouds dispersed and cleared away, and Medina's (sky) became clear as a hole in between the clouds. The valley of Qanat remained flooded, for one month, none came from outside but talked about the abundant rain.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশার: আলোকিত প্রকাশনী □ বর্ণনাকারী: আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89809>

₹ হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন